

নির্বাচন সিস্টেম এনালিস্ট
১) সিস্টেম এনালিস্ট (বিআরটিএ) / নির্বাচন প্রয়োগার (সঙ্গে)
২) প্রয়োগার (বিআরটিএ)
৩) সহকারী প্রয়োগার (ডিএমটিসিএল)
৪) সং মেং ইঞ্জিঃ (ডিটিসিএ/সঙ্গে)
৫) নথি
তাইরি নং ১৮৭
তারিখ- ২৫/৭/১৮

অতি জরুরি

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৩৭০

তারিখ : ১১-০৭-২০১৮ খ্রি:

প্রজ্ঞাপন

দশম জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন ২৫ জুলাই, ২০১৮ তারিখ অনুষ্ঠিত হবে। এ পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যালস অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী দশম জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোটাইহসের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৪ জুলাই, ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৫ জুলাই, ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

(১) বেবী ট্যাক্সি/ অটোরিকশা/ইজিবাইক	(৪) জীপ	(৭) বাস
(২) ট্যাক্সি ক্যাব	(৫) পিক আপ	(৮) ট্রাক
(৩) মাইক্রোবাস	(৬) কার	(৯) টেল্পো

২। এছাড়া, ২৩ জুলাই, ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০টা হতে ২৬ জুলাই, ২০১৮ তারিখ সকাল ৬:০০টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যোগান- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পথে সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ'কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১১০৭।২০১৮

(ড. মোঃ কামরুল আহসান)

যুগ্মসচিব

ফোন : ৯৫৬১২২৫

অপর পাতায় দ্রষ্টব্য

বিতরণঃ (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব,(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
- ৪। প্রিসিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
- ৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ৬। সচিব.....(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
- ৭। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (ইহার সহিত তাঁর ০৪-০৭-২০১৮ তারিখের
১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৬.১৭(অংশ-২)-৪২৯ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
- ৮। মহাপরিচালক, বিজিবি/কোষ্ট গার্ড/আনসার ও ভিডিপি, ঢাকা
- ৯। চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ১০। বিভাগীয় কমিশনার,(সংশ্লিষ্ট)
- ১১। মহাপরিচালক, র্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র্যাব), র্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
- ১২। পুলিশ কমিশনার,(সংশ্লিষ্ট)
- ১৩। জেলা প্রশাসক,(সংশ্লিষ্ট)
- ১৪। পুলিশ সুপার,(সংশ্লিষ্ট)
- ১৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট)
- ১৬। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০
(তিনশত) কপি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ১৮। উপজেলা নির্বাচনী অফিসার.....(সংশ্লিষ্ট)
- ১৯। জেলা নির্বাচন অফিসার,.....(সংশ্লিষ্ট)
- ২০। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ২১। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,.....(সংশ্লিষ্ট)
- ২২। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট)
- ২৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের
ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

১১০৭।২০১৮

(ড. মোঃ কামরুল আহসান)

মুগ্ধসচিব